

## এইচএসসির ফল পুনর্মূল্যায়নে ৩ লাখ আবেদন

### ■ সমকাল প্রতিবেদক

এইচএসসি ও সমমানের পরীক্ষার তিন লাখ ১০ হাজার ৭৯টি উত্তরপত্র পুনর্নিরীক্ষার আবেদন করেছেন শিক্ষার্থীরা। আন্তর্গণিকা বোর্ড সমন্বয় সার্ব-কমিটির পরীক্ষা নিয়ন্ত্রক শ্রীকান্ত কুমার চন্দ গভকাল সোমবার এ তথ্য জানিয়েছেন।

তিনি জানান, আটটি সাধারণ বোর্ডের সঙ্গে মাদ্রাসা এবং কারিগরি বোর্ডের শিক্ষার্থীরা গত ১০ থেকে ১৬ আগস্ট পর্যন্ত ফল পুনর্নিরীক্ষণের আবেদন করেন। পুনর্নিরীক্ষার ফল আগামী ৮ সেপ্টেম্বর প্রকাশ করা হবে। এবার ঢাকা শিক্ষা বোর্ডে এক লাখ ১০ হাজার ৮০৯টি উত্তরপত্র পুনর্নিরীক্ষণের আবেদন জমা পড়েছে। প্রকাশিত ফল মেনে না নিয়ে টেলিটক মোবাইলের মাধ্যমে প্রতিটি পত্রের জন্য দেড়শ টাকা জমা দিয়ে ফল পুনর্নিরীক্ষার আবেদন করেন শিক্ষার্থীরা। শিক্ষা বোর্ড কর্মকর্তারা জানিয়েছেন, ফল পুনর্নিরীক্ষণে উত্তরপত্রে দেওয়া নম্বর ঠিক আছে কিনা তা যোগ করে দেখা হয়। এ ছাড়া কোন প্রশ্নের উত্তরে নম্বর দিতে বাদ পড়েছে তাও দেখা হয়।

আটটি সাধারণ বোর্ড, মাদ্রাসা এবং কারিগরি বোর্ডের অধীনে ১০ লাখ ৬১ হাজার ৬২৪ শিক্ষার্থী এবার এইচএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নিয়েছিলেন। পাস করেছেন ৭ লাখ ৩৮ হাজার ৮৭২ জন।